গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

স্মারক নং- স্মারক নং-৩৭.০২.১৯৩৩.০০০.২৩.০০২.২১. ৬৬২ তারিখ: ০৯/০৯/২০২১খ্রি:।

## সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের সংস্কৃতি বিষয়ক কমিটির এক সভা আগামী ১৪/০৯/২০২১ ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জনাব নাছিমা আক্তার, মহিলা ভাইস চেয়রম্যান ও সভাপতি উক্ত কমিটি।

সভায় নির্দ্দিষ্ট তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য সকল সদস্যদের অনুরোধ জানানো হলো।

আলোচ্য বিষয়ঃ

ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ।

খ কোভিড পরবর্তি শিক্ষা কার্যক্রমের সাথে সাথে সরকারি নির্দেশনা পালন প্রসঙ্গো।

গ) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কিশোরকিশোরী ক্লাব এর কার্যক্রম জোড়দার করা সংক্রান্ত ।

ঘ) বিবিধ

০৯.০৯.২০২১
মোঃ শাহ জালাল
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
সংস্কৃতি বিষয়ক কমিটির
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

প্রাপক,

জনাব -----------------------------
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

**বিষয়ঃ <u>কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের সংস্কৃতি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।</u>**

সভার স্থান:- মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়

সভাপতি:- জনাব নাছিমা আক্তার, মহিলা ভাইস চেয়রম্যান

তারিখ:- ১৪/০৯/২০২১ ইং রোজ মঙ্গলবার সময়: বিকাল ৪.০০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষরঃ

| ক্রমিকনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব নাছিমা আক্তার, মহিলা ভাইস চেয়রম্যান | সভাপতি | |
| ২ | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য | |
| ৩ | চেয়ারম্যান, চৌয়ারা ইউনিয়ন পরিষদ | সদস্য | |
| ৪ | চেয়ারম্যান, বারপাড়া ইউনিয়ন পরিষদ | সদস্য | |
| ৫ | চেয়ারম্যান, বিজয়পুর ইউনিয়ন পরিষদ | সদস্য | |
| ৬ | প্রধান শিক্ষক, বামিশা হাজী এ.এ উচ্চ বিদ্যালয় | সদস্য | |
| ৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য সচিব | |

**<u>সভায় আলোচনা সমূহঃ</u>**

সভার প্ররম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। প্রথমেই উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মোঃ শাহ জালাল অত্র সদর দক্ষিণ উপজেলার বর্তমান অবস্থা সম্পর্কে সভাকে অবহিত করেন।

**<u>সভায় নিম্নোক্ত বিষয় সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ</u>**

ক। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

খ। কোভিড-১৯ এর কারনে উপজেলা ও জেলা পর্যায়ের সকল সাংস্কৃতিক অনুষ্ঠান, অন-লাইন প্রতিযোগিতার মাধ্যমে অনুষ্ঠিত হচ্ছে। সভায় মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, এ সকল সাংস্কৃতিক অনুষ্ঠানে অত্র উপজেলার অনেক শিক্ষার্থী অংশগ্রহন করেছে এবং জেলা পর্যায়ে ও অংশগ্রহন নিশ্চিত করেছে। এ ছাড়াও জাতীয় সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সকলের প্রস্তুত থাকা আবশ্যক।সভায় সকলের সম্মতিক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে এ বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয় ।

গ। সভায় সভাপতি বলেন, কোভিড পরবর্তি পরিস্থিতিতে শিক্ষার্থীরা অনেকাংশে স্কুলে অলস সময় পার করছে। এ সময় সংস্কৃতিক চর্চা বৃদ্ধির মাধ্যমে শিক্ষার্থী দের শারিরীক মানসিক প্রাঞ্জলতা ধরে রাখা সম্ভব। এ লক্ষ্যে কুমিল্লা সদর দক্ষিন উপজেলার কিশোরকিশোরী ক্লাবের কার্যক্রম জোড়দার করার মাধ্যমে তা বাস্তবায়ন করা যায়।

সাংস্কৃতিক চর্চা করার সময় শিক্ষক শিক্ষার্থী সবাই যেন মাস্ক পরে, যথাযথ স্বাস্থ্যবিধি রক্ষা করে সে বিষয়টি যেন গুরুত্বের সাথে বিবেচনা করা হয়। সভাপতি মহোদয় সার্বিক বিষয়টি তদারকি করার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।

নাছিমা আক্তার
মহিলা ভাইস চেয়রম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
সংস্কৃতি বিষয়ক কমিটির
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

স্মারক নং- স্মারক নং-৩৭.০২.১৯৩৩.০০০.২৩.০০২.২১. ৪০৫-১ তারিখ: ১৪/০৯/২০২১খ্রি:।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক,কুমিল্লা।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ,কুমিল্লা।
৪। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার........................................কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা।
৬। অফিস কপি।

১৪.৯.২০২১
মোঃ শাহ জালাল
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
সংস্কৃতি বিষয়ক কমিটি
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।